

এয়ার ইন্ডিয়া ফিরলো টাটার হাতে

- A Monitor Desk Report

Date: 09 October, 2021



ক্রমাগত লোকসানে থাকা ভারতের পতাকাবাহী এয়ার ইন্ডিয়া বিমান পরিবহন সংস্থা এয়ার ইন্ডিয়া কিনে নিলো টাটা গ্রুপ। প্রায় ১৮ হাজার কোটি রুপি (ভারতীয় মুদ্রা) সংস্থাটিকে নিলামে কিনে নেওয়া হয়েছে বলে জানিয়েছে ভারতীয় সংবাদমাধ্যমগুলো। ১৯৩২ সালে টাটা গ্রুপই এয়ারলাইন্সটিকে প্রতিষ্ঠা করেছিল। ১৯৫৩ সালে সরকার এটি অধিগ্রহণ করে নেয়। ৯৫০ কোটি ডলার ঋণের বোঝা থাকা এয়ার ইন্ডিয়াকে বিক্রির জন্য বেশ কয়েক বছর ধরেই চেষ্টা চালিয়ে যাচ্ছিল ভারত সরকার। তবে ঋণ পরিশোধের শর্ত নিয়ে এতোদিন সমঝোতায় পৌঁছতে পারেনি সরকার। ভারতের বৃহত্তম বাণিজ্যিক গোষ্ঠী টাটা গ্রুপ গত মাসে এয়ার ইন্ডিয়া কিনতে তাদের চূড়ান্ত দরপত্র জমা দেয়। এয়ার ইন্ডিয়ার ১০০ শতাংশ মালিকানা চায় তারা দরপত্রে। মালিকানা পাওয়ার পরপর রতন টাটা টুইটে লিখেছেন, ‘ওয়েলকাম ব্যাক, এয়ার ইন্ডিয়া।’ প্রতিষ্ঠানটি কিনে নেয়ায় টাটা গ্রুপ এখন এয়ার ইন্ডিয়ার ৪ হাজার ৪০০টি অভ্যন্তরীণ এবং ১ হাজার ৮০০টি আন্তর্জাতিক অবতরণ ও পার্কিং স্লটের মালিক হলো।